ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Mymensingh Palli Bidyut Samity-3
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web:pbs3.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০১.০৩৮.২৪. ১৫৯৬

তারিখ: ৩০ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ
১৭ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ

**বিষয়ঃ-RFQ পদ্ধতিতে"পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও লোডিং আনলোডিং"কাজের দরপত্র বিজ্ঞপ্তি।**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে বরাদ্দকৃত নিম্নোক্ত বর্ননা মোতাবেক ০১ টি পাওয়ার ট্রান্সফরমার কেন্দ্রীয় পণ্যাগার, খুলনা হতে পরিবহন করে অত্র পবিসের হালুয়াঘাট উপকেন্দ্রে পৌঁছানোর নিমিত্তে পরিবহন ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব তহবিলের আওতায় নিম্ন বর্নিত শর্তসাপেক্ষে লেটার হেডপ্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যচ্ছে ।

**পরিবহনকৃত ট্রান্সফরমারের বিবরণঃ**

| ক্রঃ নং | পাওয়ার ট্রান্সফরমারের বিবরন | পরিমান | পরিবহনের দূরত্ব | পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও লোডিং আনলোডিং ব্যয় (ভ্যাট ও ট্যাক্স সহ) টাকা |
|---|---|---|---|---|
| ০১ | ৩ ফেজ ১০/১৪ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার সিরিয়াল নং-২০২৪-১০-০০৫ (টেকনো ভেঞ্চার) আইটেম নম্বর = জিএস ৪৭, ওজন ২৬,৭৩০ কেজি পাওয়ার ট্রান্সফরমারটির মূল্য ১,৯৯,৮২,০০০/- । | ০১ টি | ২৯৮ কিঃ মিঃ | |

**দরপত্র দাখিল ও অন্যান্য শর্তাবলীঃ**

০১। বর্ণিত পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও লোডিং আনলোডিং কোটেশন আগামী ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দাখিলকৃত দরপত্রসমূহ আগামী ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০৫ ঘটিকায় ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ , ময়মনসিংহ এবং পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা এ উপস্থিত দরদাতা/ প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

০৩। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার ট্রেইলর যোগে পরিবহন করে কাজ সম্পন্ন করতে হবে এবং লোডিং আনলোডিং কাজে ক্রেন ব্যবহার করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার নির্ধারিত স্থানে পৌঁছাতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের উপর ০.১% হারে জরিমানা কর্তন করা হবে, যা কোন অবস্থাতেই সর্বমোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির সাথে পাওয়ার ট্রান্সফরমার পরিবহন সংক্রান্ত বিষয়ে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

০৫। পাওয়ার ট্রান্সফরমার পরিবহন সংক্রান্ত কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং দরপত্রের সাথে অবশ্যই তার প্রমানক দাখিল করতে হবে। অভিজ্ঞতা না থাকলে দরপত্রে অংশ গ্রহণের প্রয়োজন নেই।

০৬। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পূর্বে ভালো অবস্থায় পাওয়ার ট্রান্সফরমার ও আনুসাঙ্গিক মালামাল বুঝে নিতে হবে এবং ভালো অবস্থায় সমিতিকে বুঝিয়ে দিতে হবে।

০৭। পরিবহনের সময় ব্যবহার অনুপযোগী ব্রীজ/কালভার্ট পরিহার করে মালামাল পরিবহনের ব্যবস্থা করতে হবে।

০৮। বর্ণিত পাওয়ার ট্রান্সফরমার সন্তোষজনকভাবে গন্তব্য স্থলে পৌঁছানোর পর বিল ও চালান দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।

০৯। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্নঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১০। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

১১। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষন করে।

১২। পরিবহনের সময় সমিতির ০১ (এক) জন প্রতিনিধী কে স্কট হিসাবে সঙ্গে রাখতে হবে এবং কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল গ্রহণ ও বুঝে দিতে হবে।

১৩। পাওয়ার ট্রান্সফরমারটি পরিবহনের পূর্বে অত্র প্রতিষ্ঠান কর্তৃক নিজ উদ্দ্যেগে সরকার অনুমোদিত বীমা কোম্পানী হতে ট্রানজীট বীমা সম্পাদন পূর্বক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বীমার সনদ প্রদান করা হবে।

১৪। পরিবহনের সময় কোন দূর্ঘটনা ঘটলে এবং এতে মালামাল বিনষ্ট হলে বাপবিবোর্ডের নিয়মানুযায়ী মূল্য পরিশোধ করতে হবে।

১৫। দরপত্রে উল্লেখ নাই এমন কোন সমস্যার উদ্ভব হলে সমিতির কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

০৩/৪/২৪

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃসদয়অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারেনয়)**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (দরপত্র গ্রহণ ও খোলার জন্য অনুরোধ করা হলো)
০২। সিনিয়র সিষ্টেম এ্যানালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (উত্তর)।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ/এলজিইডি, ময়মনসিংহ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর/ঈশ্বরগঞ্জ/গৌরীপুর/ফুলপুর/তারাকান্দা/হালুয়াঘাট/ধোবাউড়া।
০৮। ডিজিএম, কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
০৯। এজিএম (অর্থ/ওএন্ডএম/এমএস) ওএন্ডএম,তারাকান্দা/গৌরীপুর সাব-জোনাল অফিস, মপবিস-৩।
১০। সহকারী প্রকৌশলী, ময়মনসিংহ, ময়মনসিংহ (উত্তর)।
১১। মেসার্স............................................................
১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মপবিস-৩ (অত্র সমিতির ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৩। নোটিশ বোর্ড, মপবিস-৩।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হইল)

০৩/৪/২৪

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার